

# ডিজিটাল উদ্ভাবনী মেলা-২০২২ আয়োজন সম্পর্কিত প্রতিবেদন

## মেলা আয়োজনের প্রস্তুতি গ্রহণঃ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে গত ২৪ অক্টোবর ২০২২ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত/নির্দেশনার আলোকে এ উপজেলায় ডিজিটাল উদ্ভাবনী মেলা-২০২২ আয়োজন উপলক্ষে গত ০৩/১১/২০২২ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সভায় নিম্নবর্ণনামতে ডিজিটাল উদ্ভাবনী মেলা-২০২২ উপলক্ষে নিম্নবর্ণনামতে মেলা আয়োজনের তারিখ, সময় এবং স্থান নির্ধারণ করা হয়ঃ

## মেলা আয়োজনের তারিখ, সময় এবং স্থান নির্ধারণঃ

- |    |   |                                       |
|----|---|---------------------------------------|
| ক) | ডিজিটাল উদ্ভাবনী মেলা-২০২২ আয়োজনের জন্য নির্ধারিত তারিখঃ | ০৯ নভেম্বর ২০২২ খ্রি. (এক দিনের জন্য) |
| খ) | ডিজিটাল উদ্ভাবনী মেলা-২০২২ আয়োজনের জন্য নির্ধারিত স্থানঃ | উপজেলা পরিষদ চত্বর, আক্কেলপুর         |
| গ) | ডিজিটাল উদ্ভাবনী মেলা-২০২২ আয়োজনের জন্য নির্ধারিত সময়ঃ  | সকাল ০৯.০০ হতে বিকাল ০৫.০০ ঘটিকা      |

এছাড়া উক্ত মেলা আয়োজন উপলক্ষে নিম্নবর্ণনামতে ০৪টি প্যাভিলিয়ন এবং প্যাভিলিয়নভিত্তিক অংশগ্রহণকারী অফিস/প্রতিষ্ঠানের নামের তালিকা চূড়ান্ত করা হয় এবং মেলা সুষ্ঠুভাবে আয়োজের লক্ষ্যে নিম্নবর্ণনামতে কমিটি ও উপ-কমিটি গঠন এবং গঠিত কমিটি সমূহের কার্যপরিধি নির্ধারণ করা হয়ঃ

## প্যাভিলিয়ন নির্ধারণঃ

- ক) প্যাভিলিয়ন-১ (উদ্যোগ এবং স্টার্টআপ) এর অন্তর্ভুক্ত অফিস/প্রতিষ্ঠানসমূহঃ
- ০১) উপজেলা কৃষি অফিস ০২) উপজেলা মৎস্য অফিস ০৩) উপজেলা প্রাণিসম্পদ অফিস ০৪) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিস ০৫) উপজেলা শিক্ষা অফিস ০৬) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ০৭) উপজেলা পল্লী উন্নয়ন অফিস ০৮) উপজেলা প্রকৌশল অফিস ০৯) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস ১০) আক্কেলপুর থানা ১১) জনস্বাস্থ্য প্রকৌশল অফিস ১২) ইসলামিক ফাউন্ডেশন।
- খ) প্যাভিলিয়ন-২ (ডিজিটাল সেবা) এর অন্তর্ভুক্ত অফিস/প্রতিষ্ঠানসমূহঃ
- ০১) উপজেলা ভূমি অফিস ০২) উপজেলা সমাজসেবা অফিস ০৩) উপজেলা নির্বাচন অফিস ০৪) উপজেলা আইসিটি অফিস ০৬) উপজেলা খাদ্য অফিস ০৭) উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক।
- গ) প্যাভিলিয়ন-৩ (হাতের মুঠোয় সেবা) এর অন্তর্ভুক্ত অফিস/প্রতিষ্ঠানসমূহঃ
- ০১) পৌরসভা এবং সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার ০২) উপজেলা হিসাব রক্ষণ অফিস ০৩) উপজেলা রিসোর্স সেন্টার ০৪) উপজেলা পরিবার পরিকল্পনা অফিস ০৫) সকল ব্যাংক ০৬) সকল বীমা অফিস ০৭) সকল মোবাইল ব্যাংকিং ০৮) আগ্রহী বেসরকারি উদ্যোক্তা।
- ঘ) প্যাভিলিয়ন-৪ (শিক্ষা, দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থান) এর অন্তর্ভুক্ত অফিস/প্রতিষ্ঠানসমূহঃ
- ০১) আক্কেলপুর মুজিবর রহমান সরকারি কলেজ ০২) আক্কেলপুর মহিলা ডিগ্রী কলেজ ০৩) আক্কেলপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ ০৪) আক্কেলপুর সিনিয়র মাদ্রাসা ০৫) আক্কেলপুর সরকারি এফ,আই পাইলট উচ্চ বিদ্যালয় ০৬) আক্কেলপুর পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় ০৭) সোনামুখী উচ্চ বিদ্যালয় ০৮) উপজেলা যুব উন্নয়ন অফিস ০৯) উপজেলা সমবায় অফিস ১০) উপজেলা মহিলা বিষয়ক অফিস।

## কমিটি এবং উপ-কমিটি গঠনঃ

- ক) ডিজিটাল উদ্ভাবনী মেলা নির্বাহী কমিটি
- খ) মেলার স্টল, প্যান্ডেল, স্টেজ ও গেইট নির্মাণ, সাজসজ্জা এবং স্টল বরাদ্দ উপ-কমিটি
- গ) অনলাইন কুইজ প্রতিযোগিতা উপ-কমিটি
- ঘ) উদ্ভাবনী উদ্যোগ/আইডিয়া/প্রকল্প মূল্যায়ন উপ-কমিটি
- ঙ) মিডিয়া এ্যান্ড কমিউনিকেশন উপ-কমিটি
- চ) অর্থ ও পুরস্কার ক্রয় উপ-কমিটি
- ছ) আইন-শৃংখলা নিয়ন্ত্রণ উপ-কমিটি
- জ) প্রাথমিক চিকিৎসা ব্যবস্থাপনা উপ-কমিটি